বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত অবহিতকরণ ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | শিরীন রুবী<br>যুগ্মসচিব (প্রশাসন) ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ | ২৪ মার্চ ২০২২ (১০ চৈত্র ১৪২৮) |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| উপস্থিতি | সংযোজনী-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে উল্লেখ আছে- 'সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য'। সেবার মান বৃদ্ধির জন্য প্রয়োজন জনসেবা প্রদানকারী দপ্তরসমূহের কার্যক্রমের স্বচ্ছতা ও দায়বদ্ধতা। এতদুদ্দেশ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System- GRS) একটি কার্যকর পদ্ধতি হিসেবে বিশ্বের বিভিন্ন দেশে ব্যবহৃত হচ্ছে এবং যে কোনো প্রতিষ্ঠানের দক্ষতা ও কার্যকারিতা পরিমাপের অন্যতম সূচক হিসেবে এটি বিশ্বব্যাপী স্বীকৃত।

০২। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর অষ্টম অধ্যায়ে ২৬২ (১) ও (২) এ নাগরিকগণের মতামত গ্রহণ এবং স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে অভিযোগসমূহের প্রতিকার প্রদান এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণের অনুশাসন দেওয়া হয়েছে। বাংলাদেশে অভিযোগ প্রতিকারের জন্য বর্তমানে বিভিন্ন দপ্তরে সীমিত পরিসরে স্বতন্ত্র ব্যবস্থা চালু রয়েছে। তাছাড়া, জনপ্রশাসন সংস্কার কমিশন, ২০০০-এর প্রতিবেদনে কেন্দ্রীয়ভাবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করা হয়েছিল। এ সুপারিশের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ কেন্দ্রীয়ভাবে জনসাধারণের অভিযোগ গ্রহণ কেন্দ্র চালু করে। প্রাপ্ত অভিযোগসমূহ প্রতিকারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০০৭ খ্রি. পরিপত্র জারি করা হয়, যার আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর নিকট অভিযোগসমূহ প্রেরণ করা হচ্ছে। প্রাপ্ত অভিযোগসমূহ সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৫ খ্রি. হতে অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা চালু করা হয়, যা পরবর্তীতে পরিমার্জিত আকারে ২০১৮ খ্রিস্টাব্দে প্রকাশ করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে ২০২১-২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) কর্মপরিকল্পনা ২.৪-এর অন্তর্ভুক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে অবহিতকরণ ২ (দুই)টি সভা করতে হবে মর্মে উল্লেখ রয়েছে।

০৩। সভাপতির অনুমতিক্রমে অডিট ও সমন্বয় শাখার সিনিয়র সহকারী সচিব জনাব কালাচাঁদ সরকার পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে প্রস্তুত কার্যপত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ১ম অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ০৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রণীত তথ্য-উপাত্তের বিষয়ে মতামত, সুপারিশ বা কোনো অভিযোগ থাকলে তা লিখিতভাবে GRS অনলাইনে জানানোর জন্য সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়। প্রেরিত এ পত্রের পরিপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে জবাব পাওয়া

গেছে। মন্ত্রণালয় দু'টি হতে প্রেরিত পত্রের মাধ্যমে জানানো হয়েছে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র তথ্য উপাত্ত প্রাপ্তির বিষয়ে তাদের কোন মতামত/অভিযোগ নেই। এ পর্যায়ে সভাপতি উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয় হতে আগত কর্মকর্তাদের নিকট পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডাটা সম্পর্কিত কোন অভিযোগ আছে কিনা-সে বিষয়ে মতামত আহ্বান করেন।

৪। স্টেকহোল্ডারগণের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি, স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন BANBEIS এর প্রতিনিধি বলেন, বিবিএস কর্তৃক প্রণীত/প্রকাশিত তথ্য/উপাত্তের বিষয়ে তাঁদের কোনো অভিযোগ নেই বা বিবিএস-এর তথ্য/উপাত্ত পেতে তাদের কোনো সমস্যা হয়না মর্মে উল্লেখ করেন।

৫। এ বিভাগের উপসচিব মিজ জেসমীন আকতার, মোছাঃ সুলতানা পারভীন, মিজ নূরজাহান, মোসাঃ কামরুন্নাহার, জনাব মোহাম্মদ খালেদ-উর-রহমান এবং সিনিয়র সহকারী সচিব জনাব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান, জনাব মোঃ ফরিদ হোসেন, জনাব মোঃ আনোয়ার হোসেন ও বিবিএস-এর পরিচালক জনাব মোঃ এমদাদুল হক বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনায় বক্তাগণ জানান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ( বিবিএস ) ডাটা ৮৬ ক্যাটাগরির প্রস্তুত করে থাকে। এ সকল অফিশিয়াল পরিসংখ্যান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়। ভিশন-২০২১ অর্জন, SDG-২০৩০, ভিশন-২০৪১, ডেলটা প্লান-২১০০ বাস্তবায়নে সরকার কর্তৃক স্বীকৃত একমাত্র ডাটা উৎপাদনকারী প্রতিষ্ঠান হিসেবে বিবিএস গুরুত্বপূর্ণ কাজ করে চলছে। এ সকল কাজের অংশ হিসেবে বিবিএস বিভিন্ন জরিপ ও শুমারির মাধ্যমে তথ্য সংগ্রহ করে থাকে। তথ্য সংগ্রহ এবং ডাটাসমূহ প্রস্তুতের লক্ষ্যে প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামত গ্রহণ করা হয়। প্রস্তুত প্রকাশনাসমূহ বিবিএস-এর লাইব্রেরিতে সংরক্ষণ করা হয়। এ সকল প্রকাশনাসমূহ ছাত্র, শিক্ষক, গবেষকগণ ব্যবহার করছেন। ডাটাসমূহ ব্যবহারের ক্ষেত্রে কোন চ্যালেঞ্জ, মতামত বা কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে আগামী অবহিতকরণ সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ছাত্র, গবেষক, সাংবাদিক, NGO প্রতিনিধিকে আমন্ত্রণ জানানোর সুপারিশ করা হয়। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-র বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ প্রতিপালনের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ মত প্রকাশ করেন।

৬। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

(ক) অভিযোগ প্রতিকার ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে বিবিএস-এর প্রকাশনাসমূহের বিষয়ে কোন মতামত আছে কিনা সে বিষয়ে আগামী অবহিতকরণ সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ডাটাসমূহ ব্যবহারকারী ছাত্র, গবেষক, NGO প্রতিনিধিকে আমন্ত্রণ জানানো;

(খ) অভিযোগ পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;

( গ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)-র বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা।

৭। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শিরীন রুবী
যুগ্মসচিব (প্রশাসন) ও অভিযোগ নিষ্পত্তি
কর্মকর্তা (অনিক), পরিসংখ্যান ও তথ্য
ব্যবস্থাপনা বিভাগ

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১০.১৬.০১৮.২১-১১৯ তারিখ: ১৭ চৈত্র ১৪২৮

৩১ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

২) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন

৪) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৫) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৭) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়

৮) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৯) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

১০) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

১১) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

১২) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৩) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১৪) পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৫) পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

১৬) উপসচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

১৭) সিনিয়র সহকারী সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

১৮) সহকারী সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

কালাচাঁদ সরকার
সিনিয়র সহকারী সচিব